

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৫১ - আল্লাহ তাআলার আসমায়ে হুসনা [বা সুন্দরতম নামসমূহ]

🕽 । আল্ল**া**হ তাআলা এরশাদ করেছেন.

وَلِلَّهِ الْأَسْمَاءُ الْحُسْنَى فَادْعُوهُ بِهَا وَذَرُوا الَّذِينَ يُلْحِدُونَ فِي أَسْمَائِهِ (الأعراف: 180)

''আল্ল**াহর সুন্দর সুন্দর অনেক নাম রয়েছে।** তোমরা এসব নামে তাঁকে

ডাকো। আর যারা তাঁর নামগুলোকে বিকৃত করে তাদেরকে পরিহার করে চলো।" (আ'রাফ . ১৮০)

- ২। ইবনে আবি হাতিম ইবনে আববাস রা. থেকে বর্ণনা করেছেন, يلحدون في أسمائه [তারা তাঁর নামগুলো বিকৃত করে] এর অর্থ হচ্ছে তারা শিরক করে
- ৩। ইবনে আববাস রা. থেকে আরো বর্ণিত আছে, মুশরিকরা 'ইলাহ' থেকে 'লাত' আর 'আজীজ' থেকে 'উযযা' নামকরণ করছে।
- ৪। আ'মাস থেকে বর্ণিত আছে, মুশরিকরা আল্ল**া**হর
- নামসমূহের মধ্যে এমন কিছু [শিরকী বিষয়] ঢুকিয়েছে যার অস্তিত্ব আদৌ তাতে নেই।
- এ অধ্যায় থেকে নিমোক্ত বিষয়গুলো জানা যায় .
- ১। আল্লাহর নামসমূহ যথাযথ স্বীকৃতি
- ২। আল্ল**া**হর নামসমূহ সুন্দরতম হওয়া।
- ৩। সুন্দর ও পবিত্র নামে আল্ল**াহ**কে ডাকার নির্দেশ।
- ৪। যেসব মূর্খ ও বেইমান লোকেরা আল্ল**াহর পবিত্র নামের বিরুদ্ধাচারণ করে তাদেরকে** পরিহার করে চলা।
- ৫। আল্লাহর নামে বিকৃতি ঘটানোর ব্যাখ্যা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5127

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন